# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ
## মুর্শিদাবাদ জেলা শাখা
## বিজ্ঞান অভীক্ষা : ২০২৫

সময় ঃ ১ ঘ. ৩০ মি. **নবম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ..........................................................................................................................................................

### নির্দেশিকা

১) *প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। OMR-এ ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।*

২) *প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে।*

৩) *OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।*

৪) *পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।*

## GROUP - A

1. $x^{x\sqrt{x}} = \left(x\sqrt{x}\right)^x$ $(x > 1)$ হলে $x = ?$ A) $\frac{4}{9}$ B) $\frac{9}{4}$ C) $\frac{3}{2}$ D) $\frac{2}{3}$

2. $\log_{10} 2 + 1 = ?$ A) $\log_{10} 20$ B) $\log_{10} 12$ C) $\log_{10} 2$ D) $\log_2 10$

3. $x^3 - 2\lambda x^2 + 16$ বহুপদী সংখ্যামালাটি (x+2) দ্বারা সম্পূর্ণভাবে বিভাজ্য হলে $\lambda$ এর মান—
A) 3 B) 1 C) –3 D) –1

4. $\dfrac{x\sqrt{x} - x\sqrt{y} + y\sqrt{x} - y\sqrt{y}}{\sqrt{x} - \sqrt{y}} = ?$ A) $\sqrt{x} - \sqrt{y}$ B) $\sqrt{x} + \sqrt{y}$ C) $x - y$ D) $x + y$

5. একটি বর্গক্ষেত্রের একটি কর্ণের প্রান্তবিন্দুর স্থানাঙ্ক (3, 7) এবং (–2, 4) হলে বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল—
A) 17 বর্গ একক B) 34 বর্গএকক C) 68 বর্গএকক D) কোনোটিই নয়।

6. $a^3 - b^3 + 1 + 3ab$ এর একটি উৎপাদক হল — A) $a + b - 1$ B) $a - b - 1$ C) $a + b + 1$ D) $a - b + 1$

7. $(7x + 2y - 11)^2 + (3x - 5y + 7)^2 = 0$ হলে —
A) $x = 2, y = -1$ B) $a = -1, y = 2$ C) $x = -2, y = 1$ D) $x = 1, y = 2$

8. পরপর 10% ও 20% ছাড়ের সমতুল্য ছাড় হল — A) 30% B) 28% C) 10.5% D) 20.5%

9. ABCD ট্রাপিজিয়ামের AC ও BD কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে E ও F. AB=15 সেমি ও CD=7 সেমি হলে EF=
A) 11 সেমি B) 8 সেমি C) 4 সেমি D) 5.5 সেমি।

10. কোনো পরিসংখ্যা বিভাজন একটি শ্রেণির উর্ধ্বসীমা 1299 এবং শ্রেণিমধ্যক 1249.5 হলে নিম্নসীমা হবে—
A) 1199 B) 1200 C) 1200.5 D) 1201

11. দ্রুতি সম্পর্কে কোন্ তথ্যটি সঠিক নয়? A) এর কেবল মান থাকে, কিন্তু অভিমুখ থাকে না। B) দ্রুতি = $\dfrac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{সময়}}$
C) এটি ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে। D) সমবেগে সমদ্রুতি হয়।

12. নীচের কোন্ তথ্যটি ভুল—
A) বস্তুর ওজন শূন্য অবস্থায় থাকলে আর্কিমিডিস নীতি প্রয়োগ করা যায় না। B) গ্যাসের ঘনত্ব বলার সময় চাপ ও তাপমাত্রার উল্লেখ করতে হয়।
C) একই আয়তনের সকল বস্তুর ওজন সমান হয়। D) পুকুরে সাঁতার কাটা অপেক্ষা সমুদ্রে সাঁতার কাটা সহজ।

13. দুটি ফ্লাস্কের একটিতে জল অন্যটিতে গ্লিসারিন নিয়ে পাত্র দুটি ভালোভাবে নাড়িয়ে টেবিলের ওপর রাখা হল। কোন্ ফ্লাস্কের তরল আগে স্থির হবে?
A) গ্লিসারিন B) জল C) দুটি পাত্রের তরল একই সঙ্গে স্থির হবে D) বলা সম্ভব নয়।

14. বৃষ্টির ফোঁটা গোলাকার হয়, জলের ওপর খুব সাবধানে একটি ব্লেড রাখলে সেটি জলে ভাসে, ছবি রং করা তুলি জলে ডোবালে তুলির আঁশগুলি ফাঁক ফাঁক হয়ে থাকে কিন্তু তুলি জল থেকে তুলে আনলে আঁশগুলি কাছাকাছি আসে— এই সমস্ত ঘটনা গুলি যে ধর্মের দ্বারা ব্যাখ্যা করা যায় তা হল—
A) তরলের প্লবতা B) তরলের সান্দ্রতা C) তরলের পৃষ্ঠটান D) তরলের সমোচ্চশীলতা।


15. শ্রেণিকক্ষে শিক্ষক মহাশয় চারটি কাচের বিকারে পৃথক ভাবে, সাবান গোলা জল, দুধ, স্টার্চের দ্রবণ এবং চিনির দ্রবণ রেখে শ্রেণি কক্ষের দরজা, জানালা বন্ধ করে তোমাকে একটি টর্চ দিলে বিকার গুলিতে রাখা দ্রবণের মধ্যে দিয়ে আলো পাঠাতে বললেন। তোমরা সকলে দেখলে তিনটি বিকারের মধ্যে দিয়ে আলোর গতিপথ স্পষ্ট বোঝা যাচ্ছে। একটি বিকারে বোঝা যাচ্ছে না। বলতো কোন্ বিকারে আলোর গতিপথ বোঝা যাবে না?
A) সাবান গোলা জল B) দুধ C) স্টার্চের দ্রবণ D) চিনির দ্রবণ।

16. 8 টি প্রোটন, 10 টি ইলেকট্রন এবং 8 টি নিউট্রন কণা সহ আয়নটি কে শনাক্ত কর — A) $O^-$ B) $O^{2-}$ C) $Ne^-$ D) $Na^+$

17. জলে কোন্ লবণটি দ্রবীভূত থাকলে জলে অস্থায়ী খরতার সৃষ্টি হবে?
A) $Ca(HCO_3)_2$ B) $CaCl_2$ C) $FeSO_4$ D) $MgCl_2$

18. একটি পরীক্ষা নলে প্রায় 2 ml পাতলা NaOH দ্রবণ নাও। এর মধ্যে 2-3 ফোঁটা ফেনল্‌প্থ্যালিন দ্রবণ যোগ করো। ঐ দ্রবণে ড্রপারে করে লঘু HCl যোগ করতে থাকো যতক্ষণ পর্যন্ত্য না দ্রবণের বর্ণ সম্পূর্ণ পরিবর্তন হয়। এবারে বলতো ফেনল্‌প্থ্যালিন যোগ করার পর বর্ণ কী ছিল এবং HCl যোগ করার পর বর্ণ কী হল? A) প্রথমে হলুদ পরে লাল B) প্রথমে লালচে বেগুনী পরে নীল
C) প্রথমে লালচে বেগুনী পরে বর্ণহীন D) প্রথমে গোলাপী পরে হলুদ।
19. ঊষা এবং গোধুলির স্থায়িত্ব কম হয়— A) মেরুবিন্দুতে B) কর্কটক্রান্তি রেখাতে C) মকরক্রান্তি রেখায় D) নিরক্ষ রেখায়।
20. তোমার মায়ের দাঁতের মাড়ি দিয়ে রক্ত পড়ে, হাড় গুলো বেশ নরম হয়ে গেছে, গায়ের চামড়াটা খুবই খসখসে হয়ে কেমন গুটিশুটি হয়ে যাচ্ছে। এইরকম অবস্থায় ডাক্তারের চিকিৎসার পাশাপাশি তোমার মাকে তুমি নিচের কোন্‌ খাবারগুলো খাওয়ার পরামর্শ দেবে—
A) লেবু, ডাল, বেগুন, পটল B) পাতিলেবু, মাছের তেল ও কাঁটা, বীট, গাজর
C) কুমড়ো, গাজর, মাছের তেল, পটল D) আলু, সিম, ভেন্ডি, গাজর।
21. তোমার বাবা সিঁড়ি দিয়ে উঠলে, একটু জোরে হাটলে হাঁপিয়ে যাচ্ছে। তোমার মতে তোমার বাবার শরীরে কিসের ঘাটতি হতে পারে?
A) রক্ত B) হিমোগ্লোবিন C) শ্বেত রক্তকণিকা D) প্রোটিন।
22. আমার বন্ধুর ম্যালেরিয়া হয়েছে, তোমার কাকার শরীরে রক্তচাপ বেড়েছে, তোমার দিদির হাঁপানির কষ্ট হয়। এমতাবস্থায় তুমি কাকে কি খাওয়ার পরামর্শ দেবে— A) বন্ধু—সিঙ্কোনা গাছের ছাল। কাকা— তামাক পাতা। দিদি— ধুতরা পাতা
B) বন্ধু—তামাক পাতা। কাকা— ধুতরা পাতা। দিদি— সিঙ্কোনা ছাল
C) বন্ধু— সিঙ্কোনার ছাল। কাকা — সর্পগন্ধা গাছের মূল। দিদি— ধুতরা পাতা
D) বন্ধু— ধুতরার পাতা। কাকা— চা। দিদি— বেলেডোনার মূল।
23. তোমার দাদার শরীর ভালো নেই, ২৪ ঘন্টা অন্তর অন্তর কাঁপুনি দিয়ে জ্বর আসছে ও তারপর ঘাম হয়ে জ্বর ছেড়ে যাচ্ছে। জ্বর যখন আসছে তখন থার্মোমিটারে ১০৩/১০৪ ডিগ্রী ফারেনাইট তাপমাত্রা হচ্ছে, দাদা কেমন দিন দিন দুর্বল হয়ে পড়ছে, তোমার মতে দাদার কী হয়েছে ?
A) নিউমোনিয়া B) ডিপথেরিয়া C) যক্ষা D) ম্যালেরিয়া।
24. জমিতে ছোলা/মটর চাষ করলে জমির উর্বরা শক্তি বাড়ে, কারণ জমির মাটিতে প্রাকৃতিকভাবে একপ্রকার লবণের পরিমাণ বৃদ্ধি পায়, তা হল—
A) ফসফেট লবণ B) নাইট্রেট লবণ C) ম্যাগনেসিয়ামের লবণ D) ক্যালসিয়ামের লবণ।
25. একটি বনভূমির বাস্তুতন্ত্রে সমস্ত বাঘ মারা গেলে ওই বনভূমিতে বাস্তুতন্ত্রের কী সমস্যা হবে ?
A) কোন সমস্যাই হবে না, প্রচুর গাছপালা জন্মাবে
B) হরিণ ও অন্যান্য তৃণভোজী প্রাণীরা ভালোভাবে বাঁচতে পারবে, ফলে ভালোই হবে
C) বাঘের অভাবে তৃণভোজী প্রাণীরা এত বেড়ে যাবে যে তারা সমস্ত উদ্ভিদ খেয়ে ফেলবে ফলে ঐ বনভূমির সকল জীবকূল মারা পড়বে
D) হিংস্র বাঘ না থাকায় বনভূমির বাস্তুতন্ত্র আরো সুন্দর হবে।
26. হৃদপিণ্ডের মায়োকার্ডিয়াম এ বস্তুর সংবহন হল— A) পালমোনারি সঞ্চালন B) রেনাল সংবহন C) করোনারি সংবহন D) সেরিব্রাল সংবহন।
27. অ্যামাইনো অ্যাসিড এর মৌলিক গঠনে নিম্নলিখিত কোন্‌ গ্রুপ এর কারণে বিভিন্ন অ্যামাইনো অ্যাসিড দেখা যায়—
A) NH গ্রুপ B) COOH গ্রুপ C) R গ্রুপ D) H
28. T- লিম্ফোসাইট এর ক্ষেত্রে 'T' কথার অর্থ হল— A) টনসিল B) থ্যালামাস C) থাইমাস D) থাইরয়েড।
29. মুর্শিদাবাদ জেলায় যে রেশম মথের চাষ হয়, তাদের লার্ভার একমাত্র খাদ্য হল—
A) তুঁতগাছের পাতা B) তুঁতগাছের ফল C) অর্জুনগাছের পাতা D) লার্ভা কিছু খায় না।
30. নীচের যে তারিখে একটি নির্দিষ্ট দ্রাঘিমা রেখাতে অবস্থিত সব জায়গায় এক সময়ে সূর্যোদয়, মধ্যাহ্ন, সূর্যাস্ত হয়—
A) ২৩শে সেপ্টেম্বর B) ৫ই সেপ্টেম্বর C) ২২শে ডিসেম্বর D) ২১শে জুন।

## GROUP - B

31. হিরোশিমা দিবস প্রতি বছর কোন্‌ দিনে পালিত হয়— A) 4th August ১B) 5th August C) 6th August D) 1st May.
32. WHO এর তথ্য অনুসারে প্রতিবছর প্রায় 60 লক্ষ মানুষের মৃত্যু হয় ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহারের দরুন। এর মধ্যে কিছু মানুষ আছেন যারা ধূমপান করেন না কিন্তু অন্য ব্যক্তির ধূমপান করার সময় তার ধোঁয়ার প্রভাব মারা যান। ধূমপান সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করার উদ্দেশ্যেই 1988 সালে বিশ্বস্বাস্থ্য সংস্থা একটি বিশেষ দিন কে 'বিশ্ব ধূমপান বিরোধ দিবস' ঘোষণা করে। সেই দিন টি হল—
A) 31st April B) 31st May C) 31th June D) 5th June
33. 'Wings of Fire' (অগ্নি পক্ষ) কোন্‌ ব্যক্তির জীবন কাহিনী?
A) সতীশ ধাওয়ান B) বিক্রম সারাভাই C) হোমি ও ভাবা D) এ.পি.জে আব্দুল কালাম।
34. ভারতের কোন্‌ জাতীয় উদ্যানটি বিপন্ন ভারতীয় এক শৃঙ্গা গন্ডারের উল্লেখযোগ্য সংখ্যার জন্য পরিচিত?
A) কানহা জাতীয় উদ্যান B) পেরিয়ার জাতীয় উদ্যান
C) জিম করবেট জাতীয় উদ্যান D) কাজিরাঙ্গা জাতীয় উদ্যান।
35.  চিত্রটিতে কতগুলি আয়তক্ষেত্র আছে?
A) 11 টি B) 12 টি C) 9 টি D) 10 টি।

36. কোনো নিয়মে ROME কে MORE লেখা হলে, ঐ নিয়মে DARE কে লেখা হবে—

A) RDEA  B) RAED  C) RDAE  D) RADE

37. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে—

A) 6 মিনিট  B) 7 মিনিট  C) 8 মিনিট  D) 9 মিনিট।

38. মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের বলিষ্ঠ সাংবাদিক, স্বাধীনচেতা সুরসিক ছড়াকার 'দাদা ঠাকুরের' প্রকৃত নাম কি?

A) শশধর তর্কচূড়ামনি  B) শরৎচন্দ্র পন্ডিত  C) শশধর বাগচি  D) শশীশেখর বন্দ্যোপাধ্যায়।

39. ভারতের উচ্চতম জলপ্রপাত কোন্ রাজ্যে অবস্থিত?

A) কর্ণাটক  B) সিকিম  C) পশ্চিমবঙ্গ  D) নাগাল্যান্ড।

40. ভারতের চন্দ্র অভিযানে 'প্রজ্ঞান' এর ভূমিকা কি ছিল?

A) চন্দ্রযান-৩ কে চাঁদের পৃষ্ঠে নামতে সাহায্য করেছে।  B) চাঁদের থেকে ছবি ও নমুনা পাঠিয়েছে।

C) চন্দ্রযানকে ঘুম পাড়াতে সাহায্য করেছে।  D) চন্দ্রযানকে প্রয়োজনীয় জ্বালানি সরবরাহ করেছে।

## GROUP - C

41. এর মধ্যে ভুল কথা কোন্‌টি?

A) সার্বজনীন প্রতিষেধক প্রকল্পে প্রত্যেক ভারতীয় শিশুকে জন্মের পর 6 টি সংক্রামক মারণ রোগের প্রতিষেধক বিনামূল্যে দেওয়া হয়।

B) এর মধ্যে পোলিও প্রতিষেধক মুখে ফোঁটা হিসাবে খাওয়ানো হয়।

C) 0, 6, 10, 14 সপ্তাহ ও 2 বছরে পোলিও ডোজ খাওয়ালে আর পালস্ পোলিও খাওয়াতে হয় না।

D) পোলিও এক মারাত্মক অসুখ। সুস্থ শিশু জন্মগ্রহণ করেও শৈশবে এই রোগের আক্রমণে শিশু চলাফেরার শক্তি হারায়।

42. বিশ্বজিৎদের গ্রামের পাশ দিয়ে রাজ্য সড়ক আছে যেটি এখন চওড়া করা হচ্ছে। ঐ সড়কের দুপাশে আছে বহু বড় বড় পুরনো গাছ। রাস্তা চওড়া করার কারণে অনেক গাছ কাটতে হবে। গাছ কাটার পক্ষে ও বিপক্ষে অনেক মত শোনা যাচ্ছে। তোমার মতে কোন্ মত ঠিক নয়?

A) নতুন রাস্তার জন্য যতটা জায়গা প্রয়োজন শুধুমাত্র সেই জায়গায় থাকা গাছ গুলি কাটতে হবে।

B) বনবিভাগের নিয়ম অনুযায়ী যে সংখ্যায় গাছ কাটতে হবে তার পাঁচগুণ সংখ্যায় সেই মানের গাছ লাগাতে হবে ও বড় করতে হবে; যে দপ্তর গাছ কাটবে এটা তাদের দায়িত্ব।

C) রাস্তা তৈরির প্রয়োজনে যে সব গাছ কাটার প্রয়োজন নেই সেই গাছও কিছু কাটা পড়তে পারে।

D) সরকারের যে দপ্তরই গাছ কাটার কাজ করুক না কেন, অনুচিত মনে করলে যে কোন নাগরিক এককভাবে বা দল বেঁধে তার প্রতিবাদ করতে পারে।

43. নিচের কোন্ কথাটি তোমার ভুল মনে হয়?

A) মানুষের হাতের তালুতে যে কতকগুলি গভীর দাগ দেখা যায় সেগুলি আসলে তার গর্ভাবস্থায় থাকা মুঠো হাতের কারণে তৈরি হয়। এই দাগের সঙ্গো তার জীবনের ভালমন্দের কোন সম্পর্ক নেই।

B) কারো জন্মের সময় তার রাশি নক্ষত্রের অবস্থান কি ছিল তার ওপর তার সারা জীবনের ভালমন্দ নির্ভর করে।

C) মানুষ নিজেই নিজের ভবিষ্যৎ নির্মাণ করে— কঠোর পরিশ্রম, পরিকল্পনা, সৎ সুশৃঙ্খল জীবনযাপন মানুষকে সাফল্য এনে দেয়।

D) দামি পাথর যে গুলিকে আমরা 'গ্রহরত্ন' বলি সেগুলিকে 'রত্ন' বলা উচিৎ। এগুলি বিভিন্ন রাসায়নিকের সমন্বয়ে গঠিত সুন্দর পাথর— রূপান্তরিত শিলা। প্রবাল ও মুক্তো জীবদেহ থেকে তৈরি। গ্রহের সঙ্গো এদের সম্পর্ক নেই।

44. নিচের তথ্য গুলির মধ্যে কোনটি ঠিক নয়?

A) আমাদের দরিদ্র দেশে প্রতি বছর বর্ষাকালে দূষিত জল ও খাদ্য গ্রহণের ফলে ডায়রিয়া প্রায় মহামারি আকারে দেখা দেয়।

B) অনেক শিশু এই ডায়রিয়ার কারণে মারা যায়।

C) প্রকৃতপক্ষে ডায়রিয়ায় মৃত্যু রোগের কারণে হয় না— হয় শরীরে জলশূন্যতার কারণে। বমি ও পায়খানার জন্য শরীর থেকে প্রচুর জল বেরিয়ে যায়।

D) প্রতিষেধক নিলে ডায়রিয়ার আক্রমণ থেকে বাঁচা যায়।

45. রক্তদান সম্পর্কে এই কথাগুলির মধ্যে কোন্‌টি ঠিক নয়?

A) 18 থেকে 65 বছর বয়সী মানুষ স্বেচ্ছা রক্তদান করতে পারে।

B) একজন সুস্থ সরল মানুষ (পুরুষ) ইচ্ছা করলে বছরে চারবার ও মহিলা বছরে তিনবার রক্তদান করতে পারে।

C) রক্তদান করার পর সাতদিন শরীর একটু দুর্বল লাগে।

D) স্বেচ্ছারক্তদান করার সময় একবারে 350 মিলিলিটার রক্ত নেওয়া হয়, এর বেশি বা কম নয়।

46. নিম্নলিখিত কথাগুলির মধ্যে কোন্‌টি তোমার কাছে ভুল বলে মনে হয়?

A) পৃথিবীতে ব্যবহারের জল খুব কম আছে।

B) ভারতীয়দের রোগভোগের কারণ অর্ধেকের বেশি ক্ষেত্রে দূষিত জল।

C) জাপানে মিনামাটা উপসাগরের কাছে একসময় শিল্পের বর্জ্য ক্যাডমিয়ামের কারণে উপকূলের মানুষের মধ্যে ভয়াবহ স্নায়ুরোগ হয়েছি।

D) ব্যবহারের জলের অভাব মেটাতে আমাদের উচিৎ বৃষ্টির জল যে কোন উপায়ে হোক মাটিতে যেতে দেওয়া।

47. ইনি কে?

A) জন্ম 1897 সালে ফ্রান্সের প্যারিসে। ইনি একজন নোবেলজয়ী বিজ্ঞানী। তিনি গবেষণায় দেখান তেজস্ক্রিয় পদার্থ বিকিরণ করার পর তা অন্য মৌলে রূপান্তরিত হয়। প্রথম বিশ্বযুদ্ধের সময় গবেষণার কাজে সাময়িক বিরতি দিয়ে ভ্রাম্যমাণ হাসপাতাল নিয়ে যুদ্ধক্ষেত্রে সেবা করেন।

A) মাদাম কুরি  B) আইরিন কুরি  C) মাক্সপ্লাঙ্ক  D) অসীমা চ্যাটার্জ।

48. মেটানিল ইয়োলো কী - এ বিষয়ে ঠিক কথা কোনটি ?

A) ভারত সরকার অনুমোদিত একরকম রং যা খাদ্যদ্রব্য উজ্জ্বল হলুদ রং করতে ব্যবহৃত হয়।

B) মেটানিল ইয়োলো একরকম রাসায়নিক যা খাদ্যদ্রব্য ছাড়া অন্য জিনিস হলুদ রং করতে ব্যবহৃত হয়।

C) মেটানিল ইয়োলো একরকম রাসায়নিক যা জ্যাম জেলি আচার সংরক্ষণ করতে ব্যবহৃত হয়।

D) এটি দিয়ে বাড়ির ইঁদুর আরশোলা দূর করা যায়।

49. অনিমেষের মা-বাবা যথেষ্ঠ সচেতন মানুষ। তারা নিজেরা সপরিবারে স্বাস্থ্য সম্মত জীবন যাপন করেন। তাও ওদের কোন্ ধারনাটি তোমার কাছে ভুল বলে মনে হয় ?

A) অনিমেষের মা চাউমিন ম্যাগি পাস্তা পাঁউরুটি বিস্কুট এসব খাবারের চেয়ে রুটি লুচি মুড়ি চিঁড়ে ছাতু-এ ধরনের জলখাবার (টিফিন) বেশি দেন।

B) ওর মা সাধারণত: কয়েকরকম ডাল মিশিয়ে একসঙ্গো রান্না করেন।

C) অনিমেষ পড়াশোনায় বেশ ভাল— কারণ ওর মা ওকে 'ব্রেনোলিয়া' খেতে দেয়। ব্রেনোলিয়া স্মৃতিশক্তি বাড়ায়।

D) অনিমেষের বাবার কড়া নির্দেশ — পাতে খাবার নস্ট করা চলবে না — যতটা খাবে ততটাই নেবে।

50. ক্লাশ নাইনের ছাত্রী নাসরিন বেশ কয়েকদিন ধরে স্কুলে আসছে না। একদিন ওর ক্লাশের বন্ধুরা ওর বাড়িতে গেল খবর নিতে। বাড়ি গিয়ে শুনল ওর বিয়ে ঠিক হয়ে গেছে। আর মাত্র কদিন পরেই বিয়ে। অন্য শহরে চলে যেতে হবে। তাই ও আর পড়বে না। ছাত্রীদের কাছে একথা শুনে হেডস্যার ওর বাবা-মা কে ডেকে পাঠালেন। আরো কয়েকজন টিচার ও ছাত্রী মিলে আলোচনা হলো। যে সব কথা বার্তা হল তার মধ্যে কার মত তুমি সমর্থন করো না।

হেডস্যার— আপনারা জানেন মেয়েদের আঠারো বছর বয়সের আগে বিয়ে দেওয়া আইনত: অপরাধ। মেয়েদের ও আগামী প্রজন্মের মঙ্গালের কথা ভেবে সরকার এই আইন করেছে।

নাসরিনের বাবা— সবই জানি। কিন্তু পাত্র খুব ভাল। এই সুযোগ তো বার বার আসবে না। এখানে বিয়ে দিতে পারলে ওর ভবিষ্যত নিয়ে আর আমাকে কিছু ভাবতে হবে না।

নাসরিনের মা— প্রথম থেকেই এই বিয়েতে আমার মত ছিল না। আমার বাবা আমাকে কম বয়সে বিয়ে দিয়েছিলেন বলে আমার লেখা পড়া হলো না, যা শিখেছিলাম তাও ভুলে গেছি। একটু লেখাপড়া জানলে এখন তো আমি কিছু রোজগার করতে পারতাম।

নাসরিনের বন্ধুরা— নাসরিন আমাদের সঙ্গো পড়বে নাসরিন যাবে না।

A) হেডস্যার B) নাসরিনের মা C) নাসরিনের বাবা D) ক্লাশের বন্ধুরা।

---

# Rough